



বনানী ডিওএইচএস পরিষদ BANANI DOHS PORISHOD

বিডিপি/১০/এ

১৪ সেপ্টেম্বর ২০২৬

প্লট/ফ্ল্যাট মালিক কর্তৃক ফ্ল্যাট ভাড়া প্রদানের বিষয়ে কিছু নির্দেশনাবলী:

বরাত:

ক। সেন্ট্রাল ডিওএইচএস কমিটির ৬১তম সভায় সিদ্ধান্ত ১২ নভেম্বর ২০২৫।

১। বনানী ডিওএইচএস একটি অভিজাত ও নিরাপদ আবাসিক এলাকা বিধায় সমাজে প্রতিষ্ঠিত ব্যক্তিবর্গ এখানে তাদের বসবাস বা ব্যবসা প্রতিষ্ঠানের অফিস পরিচালনার জন্য আগ্রহ প্রকাশ করে থাকে। যার কারণে সার্বিক নিরাপত্তার বিষয়টি বিবেচনা করে অত্র এলাকায় বসবাসরত সম্মানিত প্লট/ফ্ল্যাট মালিকগণ যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে তার ফ্ল্যাট ভাড়া দেওয়ার পূর্বে উক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের সামাজিক পরিচয়/ব্যবসা প্রতিষ্ঠানের বিস্তারিত তথ্য সংগ্রহ করার মাধ্যমে সার্বিকভাবে সন্তুষ্ট হয়ে ফ্ল্যাট ভাড়া প্রদান করলে যে কোনো অনভিপ্রেত এবং অনাকাঙ্ক্ষিত ঘটনা রোধ করা সম্ভব। উল্লেখ্য যে, বনানী ডিওএইচএস মূলত একটি আবাসিক এলাকা বিধায় প্লট/ফ্ল্যাট মালিকদের নিজস্ব ফ্ল্যাটে অফিস ভাড়া বা বানিজ্যিক কার্যক্রম পরিচালনা নিরুৎসাহিত করা যাচ্ছে।

২। এছাড়াও ভাড়া চলমানকালীন যদি কোন সন্দেহজনক গতিবিধি লক্ষণীয়/প্রতীয়মান হয় তবে অতিসত্বর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ পূর্বক (বাড়ী খালী করার শর্ত যা চুক্তিপত্রে উল্লেখ থাকতে হবে) নিজ বাড়ীর সুরক্ষা নিশ্চিত করা যেতে পারে।

৩। আবাসিক এলাকায় বসবাসরত বাসিন্দাদের জন্য বিদ্যুৎ সৃষ্টিকারী, বিপদজনক ও ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠান/অফিস যেমন সাময়িক বাসস্থান (Airbnb), হোষ্টেল, মেস, মনোহারী দোকান, স্পা/বিউটি পার্লার, রেস্টুরেন্ট, আবাসিক হোটেল, গোডাউন, আদম ব্যবসা অফিস, স্টক এক্সচেঞ্জ, সিকিউরিটি অফিস, গ্যুটিং হাউজ, কোচিং সেন্টার, ট্রাভেল এজেন্সী, প্রি-স্কুল, মিউজিক্যাল স্কুল ইত্যাদিতে কোন ধরনের বাড়ী/ফ্ল্যাট ভাড়া প্রদান করা যাবে না।

৪। সীমিত পরিসরে আবাসিক ভবনে নিম্ন লিখিত অফিস/মেস প্রতিষ্ঠান পরিচালনা করা যাবে। তবে নিম্নলিখিত ব্যবসা/মেস প্রতিষ্ঠান তাদের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে মূল ইজারা গৃহীত কর্তৃক ১টি ফ্লোর (১ম হতে ৪র্থ তালার মধ্যে হতে হবে):

- ক। আমদানী/রপ্তানি/ইনভেন্টরিং।
- খ। সরবরাহকারী।
- গ। আইটি/অন লাইন।
- ঘ। পরামর্শদাতা।
- ঙ। বায়িং হাউজ।
- চ। সলিসিটর ফার্ম/আইন উপদেষ্টা ফার্ম।
- ছ। কনস্ট্রাকশন/ঠিকাদারী/ডেভেলপার ফার্ম/অফিস।

Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

০২ এর ০১



বনানী ডিওএইচএস পরিষদ

BANANI DOHS PORISHOD

- ৫। বানিজ্যিক প্রতিষ্ঠানকে ভাড়া প্রদানের ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠান/অফিস কে ইজারা গৃহীতার সুপারিশ সহকারে ক্যান্টনমেন্ট বোর্ড হতে ট্রেড লাইসেন্স গ্রহণ করতে হবে।
- ৬। ডেন্টাল কেয়ার সেন্টার, অননুমোদিত হলেও তা ডিওএইচএসে বসবাসকারী বাসিন্দাদের জন্য প্রয়োজনীয় বিষয় ডিওএইচএস পরিষদ এর মতামত গ্রহণ পূর্বক ক্যান্টনমেন্ট বোর্ড এর যথাযথ অনুমোদন সাপেক্ষে সীমিত পরিসরে অনুমোদন দেওয়া যাবে।
- ৭। প্রত্যেক প্লট/ফ্ল্যাট মালিক তাদের নির্ধারিত ফ্ল্যাটে আগত নতুন ভাড়াটিয়াদের নিকট হতে জমানত গ্রহণ (Security deposit) এবং যথাযথ ভাড়ার চুক্তিপত্র (Deed of Agreement) স্বাক্ষর করতে হবে। তবে এ ব্যাপারে কোনো জটিলতা দেখা দিলে পরিষদের মাধ্যমে তা সমাধান করতে হবে, প্রয়োজনে পরিষদ কর্তৃক প্রণীত বাড়ী ভাড়া চুক্তি একটি গাইড লাইন (Guide Line) এর সাহায্য নেওয়া যেতে পারে।
- ৮। ডিওএইচএস এলাকায় বসবাসরত প্রত্যেক ভাড়াটিয়াকে সংশ্লিষ্ট বাড়ী ভাড়া চুক্তিতে এই মর্মে প্রত্যয়ন করবে যে “অত্র পরিষদের সকল নির্দেশনাবলী যথাযথভাবে পালন করবে; অন্যথায় পরিষদ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে”।
- ৯। নিজস্ব ফ্ল্যাটে ফুল ফার্নিশ বাসা অথবা Airbnb হিসেবে ভাড়া প্রদান করা যাবে। তবে Airbnb সম্পর্কিত সকল নীতিমালা অনুসরণ করতে হবে।
- ১০। বিদেশী নাগরিকদের অবস্থানের ক্ষেত্রে প্রচলিত নীতিমালার আলোকে পরিষদের মাধ্যমে সেনাসদর এমআই পরিদপ্তরের অনুমোদন গ্রহণ করতে হবে।
- ১১। পরিশেষে বনানী ডিওএইচএস তার ঐতিহ্য ও অভিজাত্য বজায় রেখে সৎ প্রতিবেশী সুলভ মনোভাব নিয়ে একটি সুন্দর নিরাপদ বাসযোগ্য আবাসিক এলাকা গড়তে হলে আমাদের সকল সম্মানিত বাসিন্দাদের ঐকান্তিক সাহায্য সহযোগিতা ও সক্রিয় অংশগ্রহণ একান্ত কাম্য।

মো: তারিক ইমাম সিদ্দিকী
লে: কর্নেল (অব.)
পক্ষে সভাপতি

বিতরণ:
কার্যক্রম:

বনানী ডিওএইচএসের সম্মানিত প্লট/ফ্ল্যাট মালিকগণ

Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

০২ এর ০২